যুগান্তর

তারিখ ...11. JUL. 2016. ...
পৃষ্ঠা ...২৬... কলাম ...৪... ......

# শিক্ষাই পারে জাতিকে এগিয়ে নিতে

## — রুহুল আমিন হাওলাদার

**স্টাফ রিপোর্টার,** *বাকেরগঞ্জ*

শিক্ষার বিকল্প নেই। শিক্ষাই পারে এ জাতিকে এগিয়ে নিতে, বিশ্বের দরবারে মাথা উঁচু করে দাঁড়াতে নারী শিক্ষার গুরুত্ব অপরিসীম, পল্লী বন্ধু হুসেইন মুহম্মদ এরশাদের শাসনামলে নারী শিক্ষার ওপর বেশি গুরুত্ব দিয়েছিলেন। রোববার বাকেরগঞ্জের রতনা আমিন মহিলা কলেজে নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জাতীয় পার্টির মহাসচিব, সাবেক মন্ত্রী এবিএম রুহুল আমীন হাওলাদার এমপি এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কলেজের প্রতিষ্ঠাতা নাসরিন জাহান রতনা আমিন এমপি। এছাড়া বক্তব্য রাখেন মো. আজিজুর রহমান, বিপ্লব মিত্র, শহীদুল ইসলাম, রফিকুল ইসলাম সবুজ, মো. নয়ন হাওলাদার প্রমুখ। প্রধান অতিথি রুহুল আমীন হাওলাদার ও কলেজের প্রতিষ্ঠাতা নাসরিন জাহান রতনা আমীন নিজ অর্থায়নে নবীনবরণ অনুষ্ঠানে ছাত্রীদের থ্রি-পিস, ডায়রি, বই, খাতা ও কলম উপহার দেন।